



২ নং বাচামারা ইউনিয়ন পরিষদ

দৌলতপুর, মানিকগঞ্জ

ই-মেইলঃ bachamara.udc@gmail.com

মোবাইলঃ 01714020867



স্মারক নং- বাচা.ইউপি/দৌলত/মা/মাঃসভাঃ/২০২৩-(৭১)

তারিখঃ ২৩/০৭/২০২৩ খ্রি.

জুলাই, ২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী:

সভার তারিখ ও সময়ঃ- ২৩- ০৭- ২০২৩ খ্রি., সকাল- ১০.০০ টা।

সভার স্থান : ইউনিয়ন পরিষদ সভা কক্ষ।

সভাপতি : জনাব মোঃ আব্দুর রশিদ
চেয়ারম্যান, বাচামারা ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, মানিকগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় জুন/২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধন না থাকায় উহা অনুমোদিত হয়।

অতঃপর সভায় বিভাগীয় বিষয়ের উপর সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা/কর্মচারী ও ইউপি সদস্য/সদস্যাবৃন্দ আলোচনায় অংশ গ্রহন করেন এবং বিস্তারিত আলোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়। যার বিস্তারিত বিবরণ নিম্নরূপ :

০১। আইন- শৃংখলা সংক্রান্তঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভাপতি সাহেব সভাকে জানান, বর্তমানে আইন-শৃংখলা পরিস্থিতি অনেক ভাল। কোথায় ও কোন সমস্যা নেই। কিন্তু বর্তমানে নদীর পানি বৃদ্ধির কারণে এলাকায় চোর ডাকাতের আশোংকা থাকতে পারে। এ বিয়েয়ে সকলকে সতর্ক থাকার জন্য বলা হলো। এবং যুব সমাজ যেন কোন খারাপ দিকে না যুকে সেদিকে সকলকে পরামর্শ প্রদান করা হয়।	হাট-বাজার ও ইউনিয়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে গ্রামপুলিশদের আইন- শৃংখলা বাহিনীর সাথে রাতে টহলে সহযোগিতা প্রদান ও হাট-বাজার কমিটির সভাপতি/সম্পাদককে রাতে পাহাড়া জোরদার করার জন্য পরামর্শ প্রদান করা হয়।	ইউপি সভাপতি/সম্পাদক হাট-বাজার কমিটি ও সংশ্লিষ্ট সকল।

২। কৃষি বিভাগঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
উপসহকারী কৃষি অফিসার সভায় জানান যে, বর্তমানে বাড়ী বিভিন্ন আবরজন্য সমূহ এক জায়গায় গর্ত করে পুতে রেখে জৈব সার বানানোর পরামর্শ প্রদান করা হয়। বর্তমানে বন্যার কারণে কৃষকদের কোন ফসলের ক্ষতি এখনো হয়নি	কৃষকদের জৈব সার উৎপাদনের জন্য আরো উৎসাহিত করতে হবে।	কৃষি বিভাগ, ইউনিয়ন পরিষদ ও সংশ্লিষ্ট সকল।

০৩। পরিবার পরিকল্পনা বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
পরিবার পরিকল্পনা পরিদর্শিকা জানান, জুন/২৩ মাসে অত্র ইউনিয়নে সক্ষম দম্পতির সংখ্যা ১৫৭৫জন। পদ্ধতি গ্রহনকারী ১৪৫০ জন। পদ্ধতি গ্রহনকারীর হার ৯৪.০৭%।	নিরাপদ প্রসব, গর্ভবতী মায়ের স্বাস্থ্য এবং দীর্ঘ মেয়াদী পদ্ধতি গ্রহনে উৎসাহিত করার জন্য সিদ্ধান্ত গ্রহন করা হয়। দরিদ্র মায়ের ইউপি থেকে প্রয়োজনীয় মানবিক সহায়তা প্রদান করার সিদ্ধান্ত গ্রহন করা হয়।	ইউনিয়ন পরিবার পরিকল্পনা বিভাগ ও সংশ্লিষ্ট সকল।

০৪। নিকাহ রেজিস্টার :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নিকাহ রেজিস্টার মো. মিজানুর রহমান জানান, কোন অপ্রাপ্তদের নিকাহ রেজিস্ট্রি করা হয় না। এখানে কোন বাল্য বিবাহ নেই। অত্র ইউনিয়নে জন্ম নিবন্ধন ব্যতীত কোন নিকাহ রেজিস্টার করা হয় না। অভিভাবকদের বাল্য বিবাহ না দেওয়ার জন্য পরামর্শ প্রদান করা হয়।	জন্ম নিবন্ধন ব্যতীত কোন নিকাহ রেজিস্ট্রেশন না করার জন্য আরও যত্নবান হওয়ার বিষয়ে নিকাহ রেজিস্টারকে পরামর্শ প্রদান করা হয়।	নিকাহ রেজিস্টার।

০৫। সমাজসেবা বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
ইউনিয়ন সমাজকর্মী জানান যে, জাদের মোবাইল নম্বনে ত্রুটি/ভুল আছে তাদের এই মর্মে জানা যাচ্ছে যে তাহারা জেনে ইউনিয়ন সমাজকর্মীর সাথে যোগাযোগ করে ঠিক করে নেয়। সেইসাথে মৃত ভাতা ভোগীর পরিবর্তে সংস্থান কাজ চলমান আছে।	ত্রুটিপূর্ণ ভাতাভোগীদের বহি দ্রুত টিক করে দেয়ার জন্য ফিল্ড কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয় এবং ভাতা সংস্থাপন কাজ দ্রুত সম্পন্ন করার জন্য ব্যবস্থা গ্রহন করতে পরামর্শ প্রদান করা হয়।	সমাজসেবা বিভাগ ও ইউপি।

০৬। জন্ম নিবন্ধন সংক্রান্ত :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভাপতি জানান, জন্ম নিবন্ধন আইন, ২০০৪ অনুযায়ী সকলের জন্য জন্ম ও মৃত্যু নিবন্ধন বাধ্যতামূলক করেছেন। বিশেষ করে ০-০১ বছরের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন করা জরুরী। এ বিষয়ে ব্যাপক আলোচনা করা হয়। তিনি জানান, অত্র ইউনিয়নে ০-০১ বছরের জন্ম নিবন্ধনের লক্ষ্যমাত্রা ৩৫টি, অর্জন ৩৬ টি এবং ০-১ বছরের মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা ১০টি। অর্জনঃ- ০০ টি লক্ষ্যমাত্রা পূরণে আলোচনা করা হয়।	জন্ম ও মৃত্যু ও তথ্য সংগ্রহের জন্য প্রত্যেক সদস্য/ সদস্যা, গ্রাম পুলিশকে তথ্য সংগ্রহ রেজিস্টার প্রদান করে তথ্য সংগ্রহ করা ও ইপিআই কর্মীদের জন্ম নিবন্ধনে সহযোগিতা প্রদান করার জন্য সিদ্ধান্ত গ্রহন করা হয়।	ইউপি ও সংশ্লিষ্ট সকল

০৭। স্বাস্থ্য বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
ইউনিয়ন স্বাস্থ্য পরিদর্শক জানান, অত্র বিভাগের কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। মা ও শিশুর স্বাস্থ্য সংক্রান্ত কার্যক্রম চলমান আছে।	জনগনকে সচেতন করে তোলার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার সিদ্ধান্ত গ্রহন করা হয়।	স্বাস্থ্য বিভাগ, ইউপি ও সংশ্লিষ্ট সকল।

০৮। বিবিধ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভাপতি জানান জুন/২৩ আংশিক মাসে সংস্থাপন ব্যয় ১১৬৬০০/-টাকা, আপ্যায়ন: ২৬,৩০০/- টাকা, যাতায়াত/গাড়ী ভাড়া: ২৪,৭০০/- টাকা, ট্যাক্স কমিশনঃ- ৭২,৭০০/- স্টেশনারী বাবদ ১৯,৭৫০/-টাকা।	সকল খরচ সরকারি স্বার্থে হয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	ইউপি।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আব্দুর রশিদ)

সভাপতি

সাধারণ মাসিক সভা

ও

চেয়ারম্যান

বাচামারা ইউনিয়ন পরিষদ,

দৌলতপুর, মানিকগঞ্জ

তারিখ : ২৩/০৭/২০২৩ খ্রি.

স্মারক নং- বাচা.ইউপি/দৌলত/মা/মাঃসভাঃ/২০২৩-৭১

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

০১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।

০২। উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, মানিকগঞ্জ।

০৩। জনাব ইউপি সদস্য (সকল)।

০৪। জনাব স্থায়ী কমিটির সদস্য (সকল)।

০৫। জনাব।

০৬। অফিস কপি।